গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খাগড়াছড়ি সদর
www.sadar.khagrachari.gov.bd

খাগড়াছড়ি সদর উপজেলার সেপ্টেম্বর ২০২৩ খ্রি. মাসের আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি	:	জনাব নাঈমা ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, খাগড়াছড়ি সদর।
তারিখ ও সময়	:	২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।
সভার স্থান	:	উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, খাগড়াছড়ি সদর।
বিবেচ্য মাস	:	আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি গত আগস্ট ২০২৩ খ্রি. মাসের সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীর উপর কোন সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভাপতি সদর উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতির উপর আলোচনার আহবান জানান। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

খাগড়াছড়ি সদর মডেল থানা হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী আগস্ট ২০২৩ মাসের অপরাধ চিত্র নিম্নরূপ:

মাসের নাম	অপহরণ	দস্যুতা/ রাহাজানি	চুরি	সড়ক পরিবহ	খুন	দাঙ্গা	অস্ত্র আইন	বিশেষ ক্ষমতা আইন	নারী ও শিশু নির্যাতন	ধর্ষণ	মাদক	অন্যান্য	মোট	মন্তব্য
আগস্ট-২৩	০১	-	০৫	০১	০১	-	-	০১-	০০	-	০৫	০৪	১৮	-

সম্মানিত সদস্যবৃন্দের আলোচ্যসূচির উপর আলোচনা ও মতামতের প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	উপজেলা আইনশৃঙ্খলা পরিস্থিতি: ক) সভাপতি বলেন, খাগড়াছড়ি সদর উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক । এ ধারা অব্যাহত রাখতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর থাকার জন্য অনুরোধ করেন। খ) অফিসার ইনচার্জ , খাগড়াছড়ি সদর মডেল থানা এর প্রতিনিধি বলেন, পাবলিক থেকে আমাদের কাছে আসা অধিকাংশ অভিযোগকারী হচ্ছে ফেসবুক ব্যবহার নিয়ে। ইদানিং ফেসবুকে বখাটে ছেলেরা ছবি ডাউনলোড করে সেই ছবি দিয়ে ফেক আইডি খুলে বিভিন্ন অপরাধমূলক কাজ চালিয়ে যাচ্ছেন। তাই ফেসবুক ব্যবহারে আরও সর্তক হওয়ার অনুরোধ জানান।	ক) আইনশৃঙ্খলা পরিস্থিতি যাতে স্বাভাবিক থাকে সেজন্য সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতার ধারা অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। খ) ফেসবুকে ছবি ব্যবহারের ক্ষেত্রে আরো সর্তকতা অবলম্বন করার সিদ্ধান্ত হয়। যদি কারোর ফেসবুক হ্যাক হয় তাহলে সাথে সাথে থানায় অবহিত করার সিদ্ধান্ত হয়।	১. অফিসার-ইনচার্জ, খাগড়াছড়ি সদর মডেল থানা। ২. উপজেলা আইন-শৃংখলা কমিটির সদস্য (সকল) , খাগড়াছড়ি সদর।
২.	ক) স্বাস্থ্য বিভাগ : খাগড়াছড়ি সদর উপজেলার স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা বলেন, আমরা বরাবরের মতই মানুষের নিরাময়যোগ্য বিভিন্ন অসুখ নিয়ে কাজ করে থাকি। এবারে আমরা মেয়েদের জরায়ু ক্যান্সারে ভ্যাকসিন নিয়ে কাজ শুরু করে দিয়েছি। তাই মেয়েদের জরায়ু ক্যান্সার প্রতিরোধে টিকাদান কার্যক্রম সফল করতে কিশোরীদের টিকা গ্রহণের ব্যাপক প্রচারণা, সচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণে সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরো বলেন মশার বিস্তার রোধকল্পে বাড়ির আশে-পাশে ঝোপঝাড়, ময়লা আবর্জনা ও বিভিন্ন স্থানে জমে থাকা পানি সরিয়ে ফেলার অনুরোধ জানান। এছাড়া জ্বর দেখা দিলে ২৪ ঘন্টার মধ্যে সরকারি ফি ৫০/-টাকা জমা দিয়ে ডেঙ্গু পরীক্ষা করার অনুরোধ জানান।	ক) জরায়ু ক্যান্সার প্রতিরোধে চলমান টিকাদান কার্যক্রম সফল করতে কিশোরীদের টিকা গ্রহণের জন্য জানিয়ে দেয়ার সিদ্ধান্ত হয়। খ) কারোর জ্বর দেখা দিলে সরকারি ফি ৫০/-টাকা জমা দিয়ে ডেঙ্গু পরীক্ষা করার সিদ্ধান্ত হয়। পাশাপাশি মশার বিস্তার রোধে বাড়ির আশে-পাশে ঝোপঝাড় পরিস্কার ও বিভিন্ন স্থানে জমে থাকা পানি সরিয়ে ফেলার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, খাগড়াছড়ি সদর। ২. সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান, সদস্য, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান প্রধান। ৩. উপজেলা শিক্ষা অফিসার, খাগড়াছড়ি সদর।

চলমান পাতা-০২

CamScanner

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.	মোবাইল কোর্ট ও মাদক বিরোধী অভিযান পরিচালনা: খ) সভাপতি বলেন , এ উপজেলায় আগস্ট/২৩ মাসে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে মাদক নিয়ন্ত্রণ আইন ২০১৮ এ ১ জনকে ১০০/ টাকা জরিমানা ও ০৭ (সাত) দিন বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়েছে ।অভিযানের এ ধারা অব্যাহত রয়েছে ।	ক) মোবাইল কোর্ট অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।	১. উপজেলা নির্বাহী অফিসার, সদর ২. সহকারী কমিশনার (ভূমি) , সদর ।
৪.	মাদক বিরোধী অভিযান পরিচালনা : ক) সভাপতি বলেন , মাদকের বিরুদ্ধে অভিযান আরো জোরদার করতে হবে। ক্লাশে পাঠদানের সময় মাদকের কুফল সর্ম্পকে আলোচনা করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে পরামর্শ দেন। এছাড়া তিনি মাদকের বিষয়ে সুনির্দিষ্ট কোন তথ্য থাকলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।	খ) শিক্ষার্থীদের মাঝে মাদকের কুফল সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। ঙ) মাদকের বিষয়ে সুনির্দিষ্ট কোন তথ্য থাকলে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সদর । ২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি সদর।
৫.	বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং সংক্রান্ত : ক) উপজেলা মহিলা বিষয় কর্মকর্তা, খাগড়াছড়ি সদর এর প্রতিনিধি বলেন, জনপ্রতিনিধিদের সহায়তায় পেরাছড়া ইউনিয়নে ০১ টি বাল্যবিবাহ রোধ করা সম্ভব হয়েছে। এছাড়া বাল্যবিবাহ, যৌতুক ও ইভটিজিং পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। সভাপতি বলেন, বাল্যবিবাহ প্রতিরোধে সামাজিকভাবে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনসচেতনতামূলক সভার পাশাপাশি মনিটরিং জোরদার করার জন্য সকল ইউপি চেয়ারম্যান ও মেম্বারদের প্রতি অনুরোধ জানান। তিনি বাল্য বিবাহ সংঘটিত হওয়ার সম্ভাবনা দেখা দিলে সাথে সাথে উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্টদেরকে অবহিত করার অনুরোধ জানান । খ) প্রধান শিক্ষক, খাগড়াছড়ি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় বলেন, বিয়াম স্কুল ও ত্রিপুরা কল্যাণ সংসদের মাঝামাঝি এলাকায় স্কুলের ছুটির সময় এবং সন্ধ্যার সময় বখাটে ছেলেদের উৎপাত এখনও রয়েছে । তাই বিষয়টি আমলে নিয়ে দ্রুত ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন।	(ক) বাল্য বিবাহ রোধকল্পে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণ সংশ্লিষ্ট এলাকায় মেম্বারদের মাধ্যমে বাল্য বিবাহের বিষয়ে মনিটরিং কার্যক্রম অধিকতর জোরদার করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) বখাটে ছেলেদের উৎপাত রোধে দ্রুত আইনী ব্যবস্থা নেয়ার জন্য অফিসার ইনচার্জ, খাগড়াছড়ি সদর মডেল থানা আইনী ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খাগড়াছড়ি সদর। ২. ইউপি চেয়ারম্যান ও মেম্বার (সংশ্লিষ্ট সকল), খাগড়াছড়ি সদর। ৩. অফিসার-ইনচার্জ, খাগড়াছড়ি সদর মডেল থানা।
৬.	সন্ত্রাস, নাশকতা, চুরি ও চাঁদাবাজি সংক্রান্ত: ক) সভাপতি বলেন, এ উপজেলায় জঙ্গি ও সন্ত্রাসীদের কোন তৎপরতা নেই । ভবিষ্যতেও যাতে এরা তৎপরতা চালাতে না পারে সেজন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বাত্মভাবে সচেষ্ট থাকার অনুরোধ জানান ।	(ক) সন্ত্রাস, নাশকতা, চুরি ও চাঁদাবাজির বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. অফিসার ইনচার্জ, খাগড়াছড়ি সদর মডেল থানা। ২.উপজেলাআইন শৃংখলা কমিটির সকল সদস্য

CamScanner

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯-১০-২৩

(নাদিমা ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
খাগড়াছড়ি সদর
মোবাইল-০১৫৫০৬০৪৫২১
e-mail:unokcharisadar@gmail.com

তারিখ : ৭ / ১০ / ২০২৩ খ্রিস্টাব্দ।

স্মারক নম্বর: ০৫.৪২.৪৬৪৯.০০০.০৫.০০১.১৮-১৪৫০

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খাগড়াছড়ি সদর।
৪। অধ্যক্ষ, খাগড়াছড়ি সরকারি কলেজ/সরকারি মহিলা কলেজ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৫। সহকারী কমিশনার (ভূমি), খাগড়াছড়ি সদর।
৬। ভাইস চেয়ারম্যান (পুরুষ ও মহিলা), উপজেলা পরিষদ, খাগড়াছড়ি সদর।
৭। অফিসার ইনচার্জ, খাগড়াছড়ি সদর মডেল থানা, খাগড়াছড়ি সদর।
৮। উপজেলা ....কর্মকর্তা, খাগড়াছড়ি সদর।
৯। প্রধান শিক্ষক/সুপার ....খাগড়াছড়ি সদর।
১০। সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। চেয়ারম্যান, ১নং খাগড়াছড়ি সদর/২নং কমলছড়ি/৩নং গোলাবাড়ী/৪নং পেরাছড়া ও ৫নং ভাইবোনছড়া ইউনিয়ন পরিষদ, খাগড়াছড়ি সদর।
১২। ইমাম ....খাগড়াছড়ি সদর।
১৩। জনাব ....।

০৯-১০-২৩

উপজেলা নির্বাহী অফিসার
খাগড়াছড়ি সদর
খাগড়াছড়ি পার্বত্য জেলা।